AGLASEM.COM

WEST BENGAL

MODEL QUESTION PAPER

Class 10
Annual Exam

Madhyamik Pariksha
Board Exam

'খ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখ
অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে ।)

বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ রাচেল কারসন যুক্ত ছিলেন —

(ক) আঞ্চলিক ইতিহাসে (খ) নারীর ইতিহাসে

(গ) পরিবেশের ইতিহাসে (ঘ) শহরের ইতিহাসে

১.২ বঙ্কিমচন্দ্র 'বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদনা করেছিলেন —

(ক) তিন বছর (খ) চার বছর

(গ) দশ বছর (ঘ) বারো বছর

১.৩ রামমোহন রায় অ্যাংলো হিন্দু স্কুল প্রতিষ্ঠা করেছিলেন —

(ক) ১৮২১ খ্রিঃ (খ) ১৮২৩ খ্রিঃ

(গ) ১৮১৫ খ্রিঃ (ঘ) ১৮২৬ খ্রিঃ

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি প্রাপক ছিলেন —

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) বিদ্যাসাগর

(গ) আনন্দমোহন বসু (ঘ) আশুতোষ মুখোপাধ্যায়

১.৫ 'রেনেসাঁস' শব্দটি হল, একটি —

(ক) ইংরেজি শব্দ
(খ) ফরাসি শব্দ
(গ) ইতালিয় শব্দ
(ঘ) ল্যাটিন শব্দ

১.৬ 'জঙ্গলমহল' নামে একটি পৃথক জেলা গঠন করা হয়েছিল —

(ক) সাঁওতাল বিদ্রোহের পরে
(খ) কোল বিদ্রোহের পরে
(গ) চুয়াড় বিদ্রোহের পরে
(ঘ) মুণ্ডা বিদ্রোহের পরে

১.৭ ভারতের রাজকীয় বনবিভাগের প্রথম ইন্সপেক্টর জেনারেল ছিলেন —

(ক) জোহান ক্রুগার
(খ) এলিয়াস ফিসার
(গ) ডিয়েট্রিস ব্রান্ডিস
(ঘ) ফ্রেডারিক হফম্যান

১.৮ মহাবিদ্রোহকে (১৮৫৭) যে ব্রিটিশ লেখক 'সিপাহি বিদ্রোহ' আখ্যা দিয়েছেন —

(ক) চার্লস রেইকস্
(খ) নর্টন
(গ) ম্যালেসন
(ঘ) ডিজরেলি

১.৯ চৈত্রমেলা, 'হিন্দুমেলা' রূপে পরিচিত হয় —

(ক) ১৮৬৭ খ্রিঃ থেকে
(খ) ১৮৭০ খ্রিঃ থেকে
(গ) ১৮৭২ খ্রিঃ থেকে
(ঘ) ১৮৭৫ খ্রিঃ থেকে

১.১০ ভারতসভার প্রথম সভাপতি ছিলেন —

(ক) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
(খ) আনন্দমোহন বসু
(গ) রেভাঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়
(ঘ) শিবনাথ শাস্ত্রী

১.১১ বাংলাপুস্তক ব্যবসায়ের পথিকৃৎ ছিলেন —

(ক) উইলিয়াম কেরি
(খ) রামমোহন রায়
(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(ঘ) গঙ্গাকিশোর ভট্টাচার্য

১.১২ বাংলা লাইনোটাইপ প্রবর্তিত হয় —

(ক) ১৭৭৮ খ্রিঃ
(খ) ১৮৭৮ খ্রিঃ
(গ) ১৯২৫ খ্রিঃ
(ঘ) ১৯৩৫ খ্রিঃ

১.১৩ 'দেশপ্রাণ' নামে পরিচিত ছিলেন —

(ক) অশ্বিনীকুমার দত্ত (খ) সতীশচন্দ্র সামন্ত

(গ) যতীন্দ্রমোহন সেনগুপ্ত (ঘ) বীরেন্দ্রনাথ শাসমল

১.১৪ ভারতের প্রথম শ্রমিক সংগঠন ছিল —

(ক) গিরনি কামগার ইউনিয়ন (খ) মাদ্রাজ লেবার ইউনিয়ন

(গ) ইন্ডিয়ান মিলহ্যান্ডস্ ইউনিয়ন (ঘ) সর্বভারতীয় ট্রেডইউনিয়ন কংগ্রেস

১.১৫ কৃষক প্রজাপার্টি প্রতিষ্ঠা করেন —

(ক) বীরেন্দ্রনাথ শাসমল (খ) প্রফুল্লচন্দ্র সেন

(গ) বাবা রামচন্দ্র (ঘ) ফজলুল হক

১.১৬ 'বঙ্গালক্ষ্মীর ব্রতকথা' রচনা করেন —

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) অবনীন্দ্রনাথ ঠাকুর

(গ) রজনীকান্ত সেন (ঘ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

১.১৭ নারী কর্ম মন্দির প্রতিষ্ঠা করেছিলেন —

(ক) উর্মিলা দেবী (খ) বাসন্তী দেবী

(গ) সরলাদেবী চৌধুরানি (ঘ) সুনীতি দেবী

১.১৮ এজাভা সম্প্রদায়ের অন্যতম নেতা ছিলেন —

(ক) রামস্বামী নাইকার (খ) ত্যাগরাজা চেট্টি

(গ) নারায়ন গুরু (ঘ) ভীমরাও আম্বেদকর

১.১৯ ভাষাভিত্তিক পৃথক অন্ধ্রপ্রদেশ রাজ্যটি গঠিত হয়েছিল —

(ক) ১৯৪৭ খ্রিঃ (খ) ১৯৫০ খ্রিঃ

(গ) ১৯৫৩ খ্রিঃ (ঘ) ১৯৫৬ খ্রিঃ

১.২০ পুরুলিয়া জেলাটি পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হয় —

(ক) ১৯৫০ খ্রিঃ (খ) ১৯৫২ খ্রিঃ

(গ) ১৯৫৬ খ্রিঃ (ঘ) ১৯৬০ খ্রিঃ

বিভাগ 'খ'

২। যে কোনো ষোলোটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি প্রশ্নের উত্তর দিতে হবে) : ১×১৬=১৬

উপবিভাগ : ২.১

১×৪=৪

একটি বাক্যে উত্তর দাও :

(২.১.১) ভারতে কোন বছর রেলপথ প্রবর্তিত হয় ? 1853

(২.১.২) গ্রামবার্তা পত্রিকাটি কোথা থেকে প্রকাশিত হত ? বুনিয়া

(২.১.৩) বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট-এর প্রথম অধ্যক্ষ কে ছিলেন ?

(২.১.৪) 'গান্ধিবুড়ি' নামে কে পরিচিত ছিলেন ? সরোজিনী নাইডু

উপবিভাগ : ২.২

১×৪=৪

ঠিক বা ভুল নির্ণয় করো :

(২.২.১) বিপিনচন্দ্র পালের জীবনীগ্রন্থের নাম 'সত্তর বৎসর' । ✗

(২.২.২) প্রথম ভারতীয় শবব্যবচ্ছেদকারী ছিলেন মধুসূদন দত্ত । ✓

(২.২.৩) ড. অনিল শীল আঠারো শতককে 'সভাসামতির যুগ' বলে অভিহিত করেছেন । ✗

(২.২.৪) গণেন্দ্রনাথ ঠাকুর ছিলেন একজন ব্যঙ্গচিত্রশিল্পী । ✓

উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : ১×৪=৪

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
(২.৩.১) সি. ভি. রমণ	(১) সিন্ধুপ্রদেশ
(২.৩.২) বাবা রামচন্দ্র	(২) বোম্বাই
(২.৩.৩) উষাবেন মেহতা	(৩) কলকাতা
(২.৩.৪) হেমু কালানি	(৪) উত্তরপ্রদেশ

উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো : ১×৪=৪

(২.৪.১) মহাবিদ্রোহের (১৮৫৭) একটি কেন্দ্র — মীরাট ।

(২.৪.২) সাঁওতাল বিদ্রোহের এলাকা (১৮৫৫) ।

(২.৪.৩) বাংলায় ওয়াহাবি আন্দোলনের একটি কেন্দ্র — বারাসাত ।

(২.৪.৪) দেশীয় রাজ্য হায়দ্রাবাদ ।

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

শূন্যস্থান পূরণ করো : ১×৪=৪

(২.৪.১) 'মাস্টারদা' নামে পরিচিত ছিলেন _____ ।

(২.৪.২) ওয়াহাবি বলতে বোঝায় _____ ।

(২.৪.৩) 'বর্তমান ভারত' গ্রন্থটির লেখক ছিলেন _____ ।

(২.৪.৪) হরি সিং ছিলেন _____ এর রাজা ।

উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো : ১×৪=৪

(২.৫.১) বিবৃতি : দেবেন্দ্রনাথ ঠাকুর ১৮৪৩ খ্রিষ্টাব্দে ব্রাহ্মসমাজে যোগদান করেন এবং এটি ব্রাহ্ম আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ ঘটনা ।

ব্যাখ্যা ১ : তিনি সমগ্র ভারতবর্ষে ব্রাহ্মধর্মপ্রচার করেছিলেন ।

ব্যাখ্যা ২ : তিনি খ্রিষ্টধর্ম প্রচারকদের অপপ্রচারের বিরুদ্ধে সাফল্যজনকভাবে ভারতীয় ধর্ম ও সংস্কৃতিকে রক্ষা করেছিলেন ।

ব্যাখ্যা ৩ : তিনি ব্রাহ্মসমাজের সংস্কার করেন এবং নতুন প্রাণ সঞ্চার করেন ।

(২.৫.২) বিবৃতি : ভারতের ঔপনিবেশিক ব্রিটিশ সরকার অরণ্য আইন প্রবর্তন করেছিলেন ।

ব্যাখ্যা ১ : ব্রিটিশ সরকারের অরণ্য আইন প্রবর্তনের উদ্দেশ্য ছিল পরিবেশের ভারসাম্য রক্ষা করা ।

ব্যাখ্যা ২ : ব্রিটিশ সরকারের উদ্দেশ্য ছিল অরণ্যবাসীদের জীবনযাত্রার মানোন্নয়ন করা ।

ব্যাখ্যা ৩ : ব্রিটিশ সরকার নিজেদের স্বার্থে অরণ্য সম্পদ ব্যবহার করতে চেয়েছিল ।

(২.৫.৩) বিবৃতি : গান্ধিজি কখনোই শ্রমজীবীদের আন্দোলনের সঙ্গে যুক্ত হতে চাননি।

ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন মিল-মালিকশ্রেণির প্রতিনিধি।

ব্যাখ্যা ২ : গান্ধিজি পুঁজি এবং শ্রমের মধ্যে সংঘর্ষ এড়াতে চেয়েছিলেন।

ব্যাখ্যা ৩ : গান্ধিজি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে চিন্তিত ছিলেন।

(২.৫.৪) বিবৃতি : ১৯২১ খ্রিষ্টাব্দে মোপলা বিদ্রোহ সংঘটিত হয়।

ব্যাখ্যা ১ : এটি ছিল কৃষকদের একটি জঙ্গী আন্দোলন।

ব্যাখ্যা ২ : এটি ছিল একটি উপজাতীয় বিদ্রোহ।

ব্যাখ্যা ৩ : এটি ছিল শিল্প-শ্রমিকদের একটি অভ্যুত্থান।

বিভাগ 'গ'

৩। **দু'টি অথবা তিনটি** বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **এগারোটি**) : ২×১১=২২

৩.১ ভারতীয় জাতীয়তাবাদের ইতিহাসে ১৯১১ খ্রিষ্টাব্দ গুরুত্বপূর্ণ কেন ?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায় ?

৩.৩ কাদম্বিনী (বসু) গঙ্গোপাধ্যায় স্মরণীয়া কেন ?

৩.৪ কোম্পানির শিক্ষাক্ষেত্রে 'চুঁইয়ে পড়া নীতি' বলতে কী বোঝায় ?

৩.৫ দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সী কেন গড়ে তোলা হয়েছিল ?

৩.৬ ফরাজি অন্দোলনের ব্যর্থতার কারণ কী ?

৩.৭ মহারানির ঘোষনাপত্রের (১৮৫৮) প্রকৃত উদ্দেশ্য কী ছিল ?

৩.৮ জমিদারসভা ও ভারতসভার মধ্যে দুটি পার্থক্য লেখো।

৩.৯ ড. মহেন্দ্রলাল সরকার স্মরণীয় কেন ?

৩.১০ বাংলার সাংস্কৃতিক জীবনে ছাপাখানার বিকাশের প্রভাব কতটা ?

৩.১১ আল্লুরি সীতারাম রাজু কে ছিলেন ?

৩.১২ 'মীরাট ষড়যন্ত্র মামলা'টি কী ?

৩.১৩ দীপালি সংঘ কেন প্রতিষ্ঠিত হয় ?

৩.১৪ গুরুচাঁদ ঠাকুর স্মরণীয় কেন ?

৩.১৫ ১৯৪৭ খ্রিষ্টাব্দে সর্দার বল্লভ ভাই প্যাটেল ভারতের দেশীয় রাজ্যগুলির স্বাধীনতার দাবিকে অগ্রাহ্য করেছিলেন কেন ?

৩.১৬ রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) কেন গঠিত হয়েছিল ?

বিভাগ 'ঘ'

৪। **সাত বা আটটি** বাক্যে যে কোনো **ছ'টি** প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **একটি** করে প্রশ্নের উত্তর দাও) : ৪×৬=২৪

উপবিভাগ : ঘ.১

৪.১ উনিশ শতকের বাংলায় পাশ্চাত্য শিক্ষার বিস্তারে রামমোহন রায়ের ভূমিকার মূল্যায়ন করো ।

৪.২ ধর্মসংস্কার আন্দোলনরূপে ব্রাহ্মআন্দোলনের মূল্যায়ন করো ।

উপবিভাগ : ঘ.২

৪.৩ 'বিদ্রোহ, অভ্যুত্থান ও বিপ্লব' এর ধারণাটি ব্যাখ্যা করো ।

৪.৪ বারাসাত বিদ্রোহের প্রকৃতি বিশ্লেষণ করো ।

উপবিভাগ : ঘ.৩

৪.৫ বাংলায় ছাপাখানার বিকাশে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ভূমিকার মূল্যায়ন করো ।

৪.৬ রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাভাবনার সমালোচনামূলক আলোচনা করো ।

উপবিভাগ : ঘ.৪

৪.৭ স্বাধীনতালাভের পর ভারতীয় রাজ্যগুলোকে ভাষার ভিত্তিতে পুনর্গঠনের জন্য কী কী প্রচেষ্টা হয়েছিল ?

৪.৮ কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয় ?

Sample Papers

- CBSE Sample Papers
- ICSE / ISC Board Sample Papers
- AP Board Sample Papers
- Assam Board Sample Papers
- Bihar Board Sample Papers
- Chhattisgarh Board Sample Papers
- Goa Board Sample Papers
- Gujarat Board Sample Papers
- Haryana Board Sample Papers
- HP Board Sample Papers
- J&K State Board Sample Papers
- Jharkhand Board Sample Papers
- Karnataka Board Sample Papers
- Kerala Board Sample Papers

Sample Papers

- MP Board Sample Papers
- Maharashtra Board Sample Papers
- Manipur Board Sample Papers
- Mizoram Board Sample Papers
- Orissa Board Sample Papers
- Punjab Board Sample Papers
- Rajasthan Board Sample Papers
- Tamil Nadu Board Sample Papers
- Telangana State Board Sample Papers
- Tripura Board Sample Papers
- UP Board Sample Papers
- Uttarakhand Board Sample Papers
- West Bengal Board Sample Papers

